# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 24 April, 2025

অবৈধভাবে সীমান্ত পারাপারের উদ্দেশ্যে প্রস্তুতি নেওয়ার সময় ২১ বাংলাদেশী নাগরিক কে আটক করেছে বিজিবি।

বুধবার রাত সাড়ে ১১ টায় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) জীবননগর বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকার বাংলাদেশের অভ্যন্তরে জীবননগর বাসস্ট্যান্ডের পাশে বিজিবির সদস্যরা গোপন সংবাদ পেয়ে অভিযান চালায়।

এ সময় পাকা রাস্তার উপর থেকে সুবেদার মোঃ হাফিজুর রহমান এর নেতৃত্বে বিজিবির বিশেষ টহল বাংলাদেশী ৫ জন পুরুষ, ৮ জন নারী এবং ৮ জন শিশুসহ মোট ২১ জন বাংলাদেশী নাগরিক'কে আটক করে।

এরা হলো-

চট্টগ্রাম হালিশহরের আকমল আলী রোডের ঘজাধর দাসের ছেলে নিকেল দাস ( ৩৬), গোপাল দাসের ছেলে তাজল দাস ( ৪১), নিতাই দাসের ছেলে হৃদয় দাস ( ২১), নোয়াখালীর হাতিয়ার থানার কোরালিয়া গ্রামের কৃষ্ণ জলদাসের ছেলে রাস মোহল জলদাস (২৫), ভোলা জেলার মনপুরার

গোপি জলদাসের ছেলে

অভিরাম চন্দ্র জলদাস (২০) প্রমুখ।এদেরকে জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে।

বিজিবির মহেশপুর ৫৮ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

জীবননগর সীমান্ত আটক বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:35

URL: https://timestodaybd.com/khulna/1418775807